

নির্বাচিত বাংলা তীর্থভ্রমণ কাহিনির স্বরূপ-সন্ধান (১৭৭০-১৯৩৩)

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অধীনে

পিএইচ.ডি উপাধি প্রাপ্তির জন্য উপস্থাপিত গবেষণা সন্দর্ভের নির্যাস

গবেষক

অর্ণব ঘোষ

পিএইচ.ডি রেজিট্রেশন নম্বর: A00BE0100715

বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

তত্ত্বাবধায়ক

ড. রাজেশ্বর সিংহ

অধ্যাপক, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

কলকাতা- ৭০০০৩২

ভারত

২০২২

বাংলা তীর্থভ্রমণ কাহিনির সূচনা হয় ১৭৭০ খ্রিষ্টাব্দে। বিশ শতকের তৃতীয় দশকে এই সংরূপটিতে রচনারীতিগত বদল আসে। এই গবেষণা সন্দর্ভে ১৭৭০ থেকে ১৯৩৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত লিখিত বাংলা তীর্থভ্রমণ কাহিনির স্বরূপ আলোচিত হয়েছে।

ভূমিকা

তীর্থভ্রমণ কাহিনি বিষয়ে পূর্ববর্তী গবেষকদের অনুসন্ধান আলোচিত হয়েছে এখানে। গবেষণার মূল ভাবনা এবং গবেষণা সন্দর্ভের অধ্যায় বিন্যাসও এখানে আলোচিত হয়েছে।

১ম অধ্যায়: বাংলা তীর্থভ্রমণ কাহিনির সংরূপগত পরিচয়

বাংলা তীর্থভ্রমণ কাহিনির পূর্বসূত্র হিসেবে মধ্যযুগের তীর্থবিবরণমূলক রচনাগুলি এখানে উল্লেখিত হয়েছে। বাংলা ভ্রমণ সাহিত্যের সংক্ষিপ্ত রূপরেখা, তীর্থ সংক্রান্ত নানা ধারণা এবং বিভিন্ন রচনাতে তীর্থ-প্রসঙ্গের উপস্থিতির কথা এখানে আলোচিত হয়েছে।

২য় অধ্যায়: কাশীকেন্দ্রিক তীর্থভ্রমণ কাহিনির পরিপ্রেক্ষিতে তীর্থভ্রমণ কাহিনির সংরূপগত

বিবর্তন

বাংলা তীর্থভ্রমণ কাহিনিগুলির সংরূপগত বিবর্তনের প্রসঙ্গ এখানে আলোচিত হয়েছে। কাশীকেন্দ্রিক তীর্থভ্রমণ কাহিনির পরিপ্রেক্ষিতে সেই বিবর্তনকে তুলে ধরা হয়েছে।

৩য় অধ্যায়: বাঙালির 'হিমালয় দর্শন': হিমালয় কেন্দ্রিক তীর্থভ্রমণ কাহিনির স্বরূপ সন্ধান

উনিশ ও বিশ শতকের শিক্ষিত বাঙালি ভ্রমণকারীর কাছে হিমালয়ের ভূমিকা কেমন ছিল- তা ধরা রয়েছে হিমালয় কেন্দ্রিক তীর্থভ্রমণ কাহিনিতে। এই অধ্যায়ে তার বিশ্লেষণ করা হয়েছে।

৪র্থ অধ্যায়: বাংলার তীর্থকেন্দ্রিক ভ্রমণ কাহিনির স্বরূপ বিশ্লেষণ

বাংলার ভৌগোলিক সীমার মধ্যে অবস্থিত তীর্থগুলিকে কেন্দ্র করে তৈরি কাহিনির স্বল্পতার কারণ এখানে ব্যাখ্যাত হয়েছে। এই ধারার তীর্থভ্রমণ কাহিনির বৈশিষ্ট্যও চিহ্নিত করা হয়েছে।

৫ম অধ্যায়: মুসলমান বাঙালির তীর্থভ্রমণ কাহিনির জগৎ: কর্তব্য ও গৌরবের কথা

মুসলমান বাঙালির আত্মপরিচয়ের অনুসন্ধানের সঙ্গে ইসলামি তীর্থকেন্দ্রিক ভ্রমণ কাহিনি রচনার সম্পর্ক এখানে আলোচিত হয়েছে। এই ধারার তীর্থভ্রমণ কাহিনির বৈশিষ্ট্য চিহ্নিত হয়েছে।

এই গবেষণা সন্দর্ভে বাংলা তীর্থভ্রমণ কাহিনির ইতিহাস, উনিশ ও বিশ শতকের বাংলা ভ্রমণ তথা তীর্থভ্রমণ কাহিনির রূপরেখা উপস্থাপিত হয়েছে। তাছাড়াও ১৭৭০ থেকে ১৯৩৩ খ্রিষ্টাব্দের মধ্যে বৈচিত্রপূর্ণ আর্থ-সামাজিক, রাজনৈতিক প্রেক্ষাপটে লেখা বাংলা তীর্থভ্রমণ কাহিনিগুলির নানা প্রবণতা বা বৈশিষ্ট্যকে চিহ্নিত করা হয়েছে। পাশাপাশি তীর্থভ্রমণ কাহিনিগুলিকে সামাজিক ইতিহাসের অন্যতম উপাদান হিসেবে তুলে ধরা হয়েছে।